গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫- ৮৩১৩

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩২
১৭ জুন ২০২৫

**"সভার নোটিশ"**

আগামী ১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৯/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব..........................................................................................................., কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫- ৮৩১৩

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩২
১৭ জুন ২০২৫

**"সভার নোটিশ"**

আগামী ১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৯/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব..........................................................................................................., কালিয়া, নড়াইল।

# উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর জুন/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১৯/০৬/২০২৫ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ০৮/০৫/২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের মে, ২০২৫ মাসের আয় ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মে/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী | | |

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মে/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| মে/২০২৫ মাসের আয় | টাকা | মে/২০২৫ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| সাব রেজিষ্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা। | ৯,৭১,৬২৯.৫৫ | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল, চেক ইস্যু এবং অন্যান্য ব্যয়। | ১,৫২,৪০২ |
| নওয়াগ্রাম ও বারাইপাড়া অস্থায়ী পশুর হাট স্থাপন এর ইজারার ৮০% অর্থ জমা | ১৬,০০০ | | |
| উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের অফিস ভাড়া জমা | ২,৪০০ | | |
| উপজেলা পষিদের অভ্যন্তরের গাছ নিলামে বিক্রয়ের অর্থ ও সিডিউল বিক্রয়ের অর্থ জমা | ৩৩,২০০ | | |
| উপজেলা হ্যালিপ্যাডের পুকুর ইজারার দরপত্র বিক্রয়ের অর্থ জমা | ৪,০০০ | | |
| **মোট প্রাপ্ত =** | **১০,২৭,২২৯.৫৫** | **মোট ব্যয়/খরচ =** | **১,৫২,৪০২** |
| **প্রারম্ভিক জের =** | **৫২,৮১,৬৩০.৪৫** | **সমাপ্তি জের/ব্যালান্স =** | **৬১,৫৬,৪৫৮** |
| **সর্বমোট =** | **৬৩,০৮,৮৬০** | **সর্বমোট =** | **৬৩,০৮,৮৬০** |

**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের মে/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| মে/২০২৫ মাসের আয় | টাকা | মে/২০২৫ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| **মোট প্রাপ্ত** | - | **মোট ব্যয়/খরচ** | - |
| **প্রারম্ভিক মোট** | **৫৬,৪১,৯৭২.৬৯** | **সমাপ্তি জের/ব্যালান্স** | **৫৬,৪১,৯৭২.৬৯** |
| **সর্বমোট =** | **৫৬,৪১,৯৭২.৬৯** | **সর্বমোট =** | **৫৬,৪১,৯৭২.৬৯** |

উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটের অর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের যে ভবনটিতে কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল সেটি জরাজীর্ণ হয়ে পড়েছে। উক্ত ভবনটির ছাদ ভেঙ্গে পড়ছে। পাশাপাশি দেওয়ালের প্লাষ্টার খসে পড়ছে। এমতাবস্থায় উক্ত ভবনটিতে অফিস পরিচালনা করা ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। তিনি বলেন, উপজেলা পরিষদের যে | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিবার পরিকল্পনার নতুন অফিস ভবন নির্মাণের জন্য জায়গা নির্ধারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কোন স্থানে ১০শতক জায়গা বরাদ্দ দিলে উপজেলা পরিবার পরিকল্পনা নতুন অফিস ভবন নির্মাণ করা যায়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ১৫৪০ টি আম, ৫০০টি নারকেল ও ২৫০টি লেবুর চারার বরাদ্দ তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রতি বিদ্যালয়ে ৫টি নারকেল চারা প্রদান করা হবে। নির্ধারিত তারিখে বিদ্যালয়ের প্রধান শিক্ষকে বরাদ্দকৃত চারা গ্রহণ করার অনুরোধ করেন। তিনি আরো বলেন, ৪৫০টি তাল গাছের চারা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সাথে বরাদ্দপ্রাপ্ত চারা বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত মাসে বিকল্প কর্মসংস্থানের আওতায় ৭০ জনের মাঝে গরু বিতরণ করা হয়েছে। বিগত মাসে মৎস্য চাষীদের ১২টি প্রদর্শনী হয়েছে। এ মাসে সকল বকেয়া কাজ সমাপ্ত করা হয়েছে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশানা মোতাবেক প্রাপ্ত বরাদ্দ শতভাগ স্বচ্ছতার সাথে যথাযথ ভাবে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে ৫৯৬ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। এ মাসে ৭০,০০০ টি হাঁস-মুরগীর টিকা বিক্রয় করা হয়েছে। ২,০৮৩টি গবাদি পশুর চিকিৎসা১০,৫৮৩টি হাঁস-মুরগীর চিকিৎসা, ০১টি পোষাপ্রাণির চিকিৎসা, ১১৩০টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে। পাশাপাশি ৪০ জন খামারীকে নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪টি উঠান বৈঠক করা হয়েছে এবং ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে সঠিক চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (টিয়ার/কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্পের আওতায় গ্রামীণ রাস্তসমূহে ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ কর্মসূচির আওতায় ৫টি প্যাকেজে ১৪টি সেতু/কালভার্টের কাজের মধ্যে ১২টি সেতু/কালভার্টের কাজ সমাপ্ত হয়েছে এবং বাকি ২টি সেতু/কালভার্টের কাজ চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত বীর নিবাসের নির্মাণ কাজ চলমান আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, চলমান প্রকল্প সমূহের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলার সকল ইউনিয়নসহ একটি পৌরসভার ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশন কাজ চলমান রয়েছে। পাশাপাশি এ মাসে সকল ভাতাভোগীকে ৪র্থ কিস্তির টাকা পরিশোধ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচানান্তে, লাইফ ভেরিফিকেশনের জন্য সকল ভাতাভোগীকে অবগত করার ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ০৬/০২/২০২৪ খ্রিঃ তারিখে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক পরীক্ষা শুরু হয়ে ১৫/০৪/২০২৫ খ্রিঃ তারিখে শেষ হয়েছে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষর্থীদের শিক্ষার গুণগত মান বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া পৌরসভায় ৪২টি এবং প্রতি ইউনিয়নে ৫টি করে মোট ১৪টি ইউনিয়নে ৭০টি মাতৃত্বকালীন ভাতার আবেদন অনুমোদন করা হয়েছে। তিন মাস মেয়াদী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, ভাতাভোগী নির্বাচনের বিষয়ে শতভাগ স্বচ্ছতার সাথে কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে জুন/২০২৫ মাসে ১৪টি ব্যাচে ৩০জন করে ৪২০ (পুরুষ-১২৭, মহিলা-২৯৩) জন যুব/যুব মহিলাকে প্রশক্ষণ প্রদান করা হয়েছে। শুরু থেকে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা-৯,৫৬১জন। চলতি অর্থ বছরে জুন/২০২৫ মাস পর্যন্ত ৫৭ (পুরুষ-৩০, মহিলা-২৭)জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে=২৫,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়ছে। ক্রমপুঞ্জিত | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঋণ গ্রহীতার সংখ্যা ২৫০০ জন। ক্রমপুঞ্জিত বিতরন ৪,৮০,১৬,৫০০/-। চলতি অর্থ বছরে জুন/২০২৫ মাস পর্যন্ত ৫৭ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্নকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। ক্রমপুঞ্জিত আত্নকর্মীর সংখ্যা-৬,৮৬১ জন। চলতি মাস পর্যন্ত ০৫ (পুরুষ-২, মহিলা-৩)জনকে বায়োগ্যাসপ্লান্ট প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ২,৫০,০০০/- টাকা বায়োগ্যাসপ্লান্ট ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া চলতি মাসে বায়োগ্যাস প্লান্ট নির্মান সম্পর্কিত ০৩টি ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা হবে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপির গৃহীত প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। গৃহীত প্রকল্পের ব্যয় বিল পরিশোধ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, আগামী অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ হতে জনগুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ অগ্রাধীকার ভিত্তিতে বাস্তাবয়নসহ সতভাগ স্বচ্ছতা অবলম্বন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, অনুমোদিত ৬০ টি গভীর নলকূপের কাজ সমাপ্ত হয়েছে। আরও ৭৫টি গভীর নলকূপ সাইট ইতিমধ্যে পরিদর্শণ কাজ শেষ হয়েছে। চলমান প্রকল্পের আওতায় ওয়াসব্লক নির্মাণ কাজ ৭০% সমাপ্ত হয়েছে। বাকী ৩০% কাজ জুন,২০২৫ সনের মধ্যে শেষ হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বিগত অর্থ বছরে স্থাপিত গভীর নলকূপের গোড়া পাকা করণ বিষয়ে সভার পক্ষ হতে আবার তীব্র অশন্তোষ প্রকাশ করা হয় এবং ঠিকাদারকে জরুরী ভিত্তিতে কাজ আরাম্ভ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে ০৮ (আট)টি আশ্রয়ন প্রকল্পের ঋণ দাদন ১০০% এবং আদেয়ের হার ৫৫%। দাদনকৃত ঋণ সদস্যরা যথাযথ ভাবে ব্যবহার করেছে এবং তারা উপকৃত হয়েছে। এ বিভাগের নিবন্ধিত সমবায় সমিতিগুলো অনলাইনের আওতায় আনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, যথাযথ তদারকির মাধ্যমে দাদনকৃত ঋণসমূহ নির্দিষ্ট খাতে ব্যবহার পূর্বক যথাসময়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে সরকারি মূল্য ৯ টাকায় চারা বিক্রয় বিতরণ নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনায়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে এস,এস,সি পরীক্ষা শান্তিপূর্ণ ভাবে শেষ হয়েছে। এস,এস,সি পরীক্ষা নকল মুক্ত করার জন্য তার দপ্তর সর্বদা সচেষ্ট ছিল। শিক্ষার গুনগত মান উন্নয়নে তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষর্থীদের শিক্ষার গুণগত মান বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক তার দপ্তরের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, জাতীয় পরিচয়পত্র সংশোধনের বিষয়ে শতভাগ স্বচ্ছতার সাথে পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ তথ্য সংগ্রহ করা হয়েছে। অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্পের তথ্য সংগ্রহ চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পাট কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ২১ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, বর্ষা মৌসুমে উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে বৈদ্যুতিক লাইনের উপরের গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি আরো জানান যে, বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>২২.ক) বর্ষা মৌসুমে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২২.খ) যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল।<br>খ) সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| ২২ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে রাতের বেলায় কোন আলোর ব্যবস্থা না থাকায় উক্ত স্থান দিয়ে বাইরের লোকজন দেওয়াল টপকে উপজেলা পরিষদের বিভিন্ন ভবনের জানালা ও দরজার গ্রীল এবং ফলজ গাছের ফল চুরি করে নিয়ে যাচ্ছে। যা উপজেলা পরিষদ তথা সরকারের ক্ষতি সাধিত হচ্ছে। উক্ত ক্ষতি যাতে না হয় তার ব্যবস্থার জন্য উক্ত স্থান গুলিতে আলোর ব্যবস্থা করলে চুরি অনেকটাই কমানো যাবে বলে জানান। তিনি জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ম) অনুচ্ছেদে প্রতি বছর নিরাপত্তা খাত (আনসার) হতে প্রতি অর্থ বছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। এমতাবস্থায়, উক্ত খাত হতে উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে বৈদ্যুতিক বাল্ব লাগানোর প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে আলোর ব্যবস্থা করার জন্য ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বৈদ্যুতিক বাল্ব, তার ও হোল্ডার ক্রয় করে উক্ত স্থানে অনতি বিলম্বে স্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| ২৩ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্ষা মৌসুমে প্রতি বছর ডেঙ্গু জ্বরের প্রবনতা দেখা যায়। পাশাপাশি উপজেলার ভবনগুলির চারপাশে বিভিন্ন প্রজাতির আগাছা থাকায় সাপ এবং নানা বিষধর কীটপতঙ্গের আবাসস্থলে পরিনত হয়েছে। এ সকল ঝুকি এড়ানোর জন্য উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের চারপাশের বন জঙ্গল পরিষ্কার করা প্রয়োজন। উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের ভবনগুলির ছাদে বট পাকুড়ের গাছসহ নানা ধরনের আগাছা জন্মেছে। উক্ত ভবন গুলির আগাছা পরিষ্কার না করলে ভবনের ক্ষতিসহ যে কোন সময় পুরাতন ভবন ভেঙ্গেপড়ে দুর্ঘটনা ঘটতে পারে বলে জানান। ডেঙ্গুসহ নানা বিধ বিষধর প্রানীর হাত থেকে উপজেলা | বিস্তারিত আলোচনান্তে, ডেঙ্গুসহ নানা বিধ বিষধর প্রানীর হাত থেকে উপজেলা পরিষদের অভ্যন্তরের কর্মকর্তা কর্মচারীদের সুরক্ষার্থে এবং উপজেলা পরিষদের ভবনগুলোর স্থায়িত্ব ও দুর্ঘটনা এড়াতে জরুরি ভিত্তিতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রশাসনিক ভবনের চারপাশের বন | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিষদের অভ্যন্তরের কর্মকর্তা কর্মচারীদের সুরক্ষার্থে উপজেলা প্রশাসনিক ভবনের চারপাশের বন জঙ্গল পরিষ্কার, উপজেলা পরিষদ পুরাতন ভবনসহ অন্যান্য ভবনের ছাদের উপরের বট পাকুড়ের গাছ ও বিভিন্ন প্রজাতির আগাছা পরিষ্কার করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল সদস্যগণ উক্ত প্রস্তাবটি সমর্থণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | জঙ্গল পরিষ্কার, উপজেলা পরিষদের পুরাতন ভবন, পুরাতন হলরুম ভবন, নতুন হলরুম ভবন ও অন্যান্য অফিসের ভবনের ছাদে ও দেওয়ালে বট পাকুড়ের গাছসহ নানান ধরনের আগাছা ও ছাদের উপরের ডাল, ছাদে জমেথাকা আবর্জনা পরিস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪-৯৫১ (৫০)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২
২৫/০৬/২০২৫ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৫। উপজেলা ..........................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,.........................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ ০৮/০৫/২০২৫ খ্রি. তারিখে উন্নয়ন সমন্বয় কমিটির সভার উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১নং বাবরাহাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | ফরেষ্টার, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | পল্লী দরিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |

(মোঃ রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ

মাসের নামঃ জুন/২০২৫ তারিখ : ১৯/০৬/২০২৫ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল। | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯/৬/২৫ |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | 19.06.2025 |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | ১৯/০৬/২৫ |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৯ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | |
| ১০ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯/৬/২৫ |
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯/৬/২৫ |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯.০৬.২০২৫ |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯/০৬/২৫ |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | 19.06.25 |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৮ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২০ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২২ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | |
| ২৩ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৪ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল । | |
| ২৫ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৭ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | |
| ২৮ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া। | |
| ২৯ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | |
| ৩০ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩১ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩২ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | |
| ৩৩ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | |

| | | |
|---|---|---|
| ৩৪ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | নীলা |
| ৩৫ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | ২৯/০৬/২৫ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ
মাসের নামঃ জুন/২০২৫ তারিখ : ১৯/০৬/২০২৫ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |